গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ভবন নং-৪, ৫ম তলা)
(www.coa-revenue.gov.bd)

বিষয়ঃ zoom apps এর মাধ্যমে অনুষ্ঠিত হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের ইনোভেশন টিমের ২৩/১১/২০২০ তারিখের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | - | জনাব মোঃ মশিউর রহমান<br>হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)<br>ভূমি মন্ত্রণালয়। |
| তারিখ | - | ২৩/১১/২০২০খ্রিঃ। |
| সময় | - | বেলা ১১-৪৫ টা। |
| মাধ্যম | - | zoom apps<br>Id: 9711490993<br>Passcode: 1122335 |

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে কুশল বিনিময়ের মাধ্যমে সরকারি স্বাস্থ্যবিধি অনুসরণের আহবান জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন ইনোভেশন টিমের সদস্য হলেন বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)। তাই বর্তমান করোনাকালে তাদের পক্ষে গণপরিবহণে ঢাকায় যাতায়াত ঝুকিপূর্ণ বিধায় সকলের সম্মতিক্রমে zoom apps এর মাধ্যমে অদ্যকার সভা আহবান করা হয়েছে। অতঃপর ইনোভেশন টিমের সাচিবিক দায়িত্বে নিয়োজিত সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), জনাব মোঃ আব্দুল লতিফ কে আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩। সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন) বলেন গত ১৭/০৯/২০২০ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সহকরী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণের নিকট হতে উদ্ভাবনী ধারনা/ তালিকা সংগ্রহ করা হয়েছে। অত:পর যাচাই বাছাইঅন্তে অডিট চলাকালীন তাৎক্ষনিকভাবে সরকারি আর্থিক বিধিবিধান ও নিরীক্ষা কার্যক্রম সম্পর্কে জানার জন্য এতদ্‌সংক্রান্ত সরকারি আদেশ নির্দেশ সম্বলিত চিঠিপত্র সংরক্ষণে ই-বুক প্রণয়নের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়। অত্র দপ্তরের চার্টার অব ডিউটিজের সাথে সম্পর্কিত প্রশাসনিক, আর্থিক বিধি-বিধান ও অডিট পরিচালনা সম্পর্কিত যে সকল সরকারি চিঠিপত্র/আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপন রয়েছে উহা ই-বুক এ অন্তর্ভূক্ত করা হবে। অত্র দপ্তরে এবং কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত সংরক্ষণে যে সকল প্রশাসনিক ও আর্থিক বিধি-বিধান এবং অডিট পরিচালনা সম্পর্কিত সরকারি চিঠিপত্র/আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপন রয়েছে উহা জেলাসমূহের হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)/নিরীক্ষক (রাজস্ব) গণের নিকট হতে সংগ্রহ করে আগামী ৩০/১১/২০২০খ্রিঃ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণের জন্য সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণকে পত্র দেয়া হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট সকলকে ই-বুক প্রণয়ণনে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

(চলমান পাতা/০২)

৪। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর অক্টোবর, ২০২০ মাস পর্যন্ত অর্জন নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্রম | উদ্দেশ্য (Objectives) | বিষয়ের মান (Weight of Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ অসাধারণ ১০০% | অক্টোবর/২০২০ মাস পর্যন্ত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ১০ | ১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ১.১.১ কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ৪ | ৩০-৭-২০২০ | ২৯-০৭-২০২০ | - |
| | | | ১.২ উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা | ১.২.১ প্রণীত কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রুপরেখা প্রকাশ | তারিখ | ৩ | ৩০-৭-২০২০ | ২৯-০৭-২০২০ | - |
| | | | ১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ৪-৮- ২০২০ | ২৯-০৭-২০২০ | - |
| | | | ১.৪ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ | ১.৪.১ তথ্য বাতায়নে প্রকাশিত | তারিখ | ২ | ১০-৮- ২০২০ | ৩০-০৭-২০২০ | - |
| ২ | ইনোভেশন টিমের সভা | ৬ | ২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান | ২.১.১ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ৬ | ১ | - |
| | | | ২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ২.২.১ সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ২ | ৯৫ | ৯৫ | - |
| ৩ | উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) বরাদ্দ | ৪ | ৩.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ | ৩.১.১ বাজেট বরাদ্দকৃত | টাকা | ২ | ২ লক্ষ | - | - |
| | | | ৩.২ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় | ৩.২.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | % | ২ | ৯০ | - | - |
| ৪ | সক্ষমতা বৃদ্ধি | ৯ | ৪.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার | ৪.১.১ কর্মশালা/ সেমিনার অনুষ্ঠিত | সংখ্যা | ৩ | ১ | - | - |
| | | | ৪.২ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | ৪.২.১ প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা (জন) | ৩ | ১০ | ১৭ | - |
| | | | ৪.৩ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন | ৪.৩.১ প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা (জন) | ৩ | ১০ | ১৭ | - |
| ৫ | স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রম | ৪ | ৫.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধরণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ | ৫.১.১ উদ্ভাবনী উদ্যোগের তালিকা তথ্য বাতায়নে প্রকাশিত | তারিখ | ৪ | ৩-১১-২০২০ | - | - |
| ৬ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন | ৬ | ৬.১ ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি | ৬.১.১ পাইলটিং বাস্তবায়নের আদেশ জারিকৃত | তারিখ | ৩ | ১৯-১২-২০২০ | - | - |
| | | | ৬.২ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন | ৬.২.১ পাইলটিং বাস্তবায়ন মূল্যায়িত | তারিখ | ৩ | ০১-০৩- ২০২১ | - | - |

(চলমান পাতা/০৩)

| ক্রম | উদ্দেশ্য (Objectives) | বিষয়ের মান (Weight of Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ অসাধারণ ১০০% | অক্টোবর/২০২০ মাস পর্যন্ত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৭ | উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) | ৬ | ৭.১ ন্যূনতম একটি উদ্ভাবন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ | ৭.১.১ আয়োজিত উদ্ভাবন প্রদর্শনীতে অংশগ্রহণ | তারিখ | ৬ | ১৫-০৫-২০২১ | - | - |
| ৮ | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | ৮ | ৮.১ ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/ জাতীয় পর্যায়ে বাস্তবায়ন | ৮.১.১ বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারিকৃত | তারিখ | ৮ | ১০-৬-২০২১ | - | - |
| ৯ | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | ৫ | ৯.১ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান | ৯.১.১ প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদানকৃত | সংখ্যা (জন) | ৩ | ২ | - | - |
| | | | ৯.২ উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | ৯.২.১ শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরিত | সংখ্যা (জন) | ২ | ৩ | - | - |
| ১০ | তথ্য বাতায়নহালনাগাদকরণ | ৮ | ১০.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ | ১০.১.১ উদ্ভাবনের তথ্য আপলোডকৃত/ হালনাগাদকৃত | নিয়মিত (%) | ৪ | ১০০ | ১০০ | - |
| | | | ১০.২ বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকরণ | ১০.২.১ সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ১০০ | - |
| | | | ১০.৩ বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্য আপলোড/ হালনাগাদকরণ | ১০.৩.১ ডিজিটাল-সেবার তথ্য আপলোড/ হালনাগাদকৃত | % | ২ | ১০০ | - | - |
| ১১ | ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন | ৪ | ১১.১ ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা | ১১.১.১ একটি ডিজিটাল সেবা বাস্তবায়িত | তারিখ | ৪ | ১৫-২-২০২১ | - | - |
| ১২ | সেবা সহজিকরণ | ৮ | ১২.১ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন | ১২.১.১ সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারিকৃত | তারিখ | ৪ | ১৫-১০- ২০২০ | ০১-১০-২০২০ | - |
| | | | ১২.২ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/ রেপ্লিকেশন | ১২.২.১ সেবা সহজিকরণ বাস্তবায়নে চুড়ান্ত অফিস আদেশ জারিকৃত | তারিখ | ৪ | ১৫-০৪-২০২১ | - | - |

(চলমান পাতা/০৪)

| ক্রম | উদ্দেশ্য (Objectives) | বিষয়ের মান (Weight of Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ অসাধারণ ১০০% | অক্টোবর/২০২০ মাস পর্যন্ত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১৩ | পরিবীক্ষণ | ৭ | ১৩.১ উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ | ১৩.১.১ উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ৩ | ১৯-১২-২০২০ | - | - |
| | | | ১৩.২ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | ১৩.২.১ উদ্ভাবকগণের সঙ্গে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে টিমের সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৩ | - | - |
| | | | ১৩.৩ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান | ১৩.৩.১ প্রকল্প পরিদর্শনকৃত এবং সহায়তা প্রদানকৃত | সংখ্যা (কয়টি) | ২ | ২ | - | - |
| ১৪ | ডকুমেন্টেশন প্রকাশনা | ৭ | ১৪.১ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত) | ১৪.১.১ ডকুমেন্টেশন প্রকাশিত | তারিখ | ৪ | ২০-০৫-২০২১ | - | - |
| | | | ১৪.২ সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা | ১৪.২.১ ডকুমেন্টেশন প্রকাশিত | তারিখ | ৩ | ২০-০৫-২০২১ | - | - |
| ১৫ | উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন | ৮ | ১৫.১ উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বাষিক স্ব-মূল্যায়ন | ১৫.১.১ অর্ধ- বার্ষিক প্রতিবেদন স্ব-মূল্যায়িত | তারিখ | ৩ | ৩০-১-২০২১ | - | - |
| | | | ১৫.২ উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ | ১৫.২.১ অর্ধ- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত | তারিখ | ১ | ৫-২-২০২১ | - | - |
| | | | ১৫.৩ উদ্ভাবন কর্মপরিকল্পনার বাষিক স্ব-মূল্যায়ন | ১৫.৩.১ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকৃত | তারিখ | ৩ | ১৫-৭-২০২১ | - | - |
| | | | ১৫.৪ উদ্ভাবন কর্মপরিকল্পনার বাষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ | ১৫.৪.১ মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত | তারিখ | ১ | ২০-৭-২০২১ | - | - |

৫। বার্ষিক উদ্ভাবন কর্মপারিকল্পনা, ২০২০-২১ এর ক্রমিক ৬ ও কার্যক্রম ৬.১ এর উদ্ভাবনী উদ্যোগের পাইলোর্টিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি করতে হবে। এক্ষেত্রে ই-বুক প্রণয়নের লক্ষ্যে চাহিত তথ্যাদি পাওয়ার পর উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কিত সরকারি আদেশ আগামী ১৯/১২/২০২০ তারিখের মধ্যে জারি করা হবে।

৬। বার্ষিক উদ্ভাবন কর্মপারিকল্পনা, ২০২০-২১ এর ক্রমিক ১২ ও কার্যক্রম ১২.১ মোতাবেক নূন্যতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের বিষয়ে বলা হয়েছে। সভাপতি বলেন অত্র দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের চাকরি বৃত্তান্ত সদর দপ্তরে সংরক্ষিত আছে। তাই বিভাগ ও জেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটির আবেদন বিভাগীয় অফিসের মাধ্যমে প্রেরণ না করে সরাসরি সদর দপ্তরে প্রেরণের জন্য অফিস আদেশ নং-৩১.০৫.০০০০.৭৯১.০৬. ০০১.১৪.৮৫০ তারিখঃ ০১-১০-২০২০খ্রিঃ জারি করা হয়েছে। উক্ত আদেশ বাস্তবায়নের ফলে একটি ধাপ কমে যাওয়ায় মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা গ্রহণ সহজতর হলো।

(চলমান পাতা/০৫)

৭। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(১) ই-বুক প্রণয়নের লক্ষ্যে চাহিত তথ্যাদি পাওয়ার পর উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কিত সরকারি আদেশ আগামী ১৯/১২/২০২০ তারিখের মধ্যে জারি ;

(২) সেবা সহজিকরণ সম্পর্কিত জারিকৃত অফিস আদেশ নং-৩১.০৫.০০০০.৭৯১.০৬.০০১.১৪.৮৫০ তারিখঃ ০১-১০-২০২০খ্রিঃ বাস্তবায়ন।

৮। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৩/১১/২০২০

**(মোঃ মশিউর রহমান)**
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)(চঃদাঃ)
E-mail: coa_revenue@yahoo.com
ফোন # ৯৫৪০১১৯।

স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.০৬.০০১.১৪.১০০৩/১(১৪) তারিখঃ ২৩/১১/২০২০খ্রিঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), প্রশাসন শাখা, সদর দপ্তর, ঢাকা।

৩। সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট), অডিট শাখা, সদর দপ্তর, ঢাকা।

৪। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ রংপুর বিভাগ, রংপুর/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ সিলেট বিভাগ, সিলেট।

৫। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), প্রশাসন/ অডিট শাখা, সদর দপ্তর, ঢাকা।

৬। অফিস কপি।

২৩/১১/২০২০

**(মোঃ আব্দুল লতিফ)**
সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)
E-mail: a_revenue@yahoo.com
ফোন # ৯৫৫৭১৯৯।

**২৩-১১-২০২০ তারিখ অনুষ্ঠিত Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) গণ।**




২৩/১১/২০২০

(মোঃ আব্দুল লতিফ)
সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।